দৈনিক বাংলা

তারিখ 27 JUN 1995
পৃষ্ঠা ৮ কলাম ৬

157

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
27

# ঢাকা ভার্সিটি অনার্সে ভর্তি পরীক্ষার পদ্ধতি সংস্কারের উদ্যোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার পদ্ধতি সংস্কারের প্রস্তুতি চলছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রককে আহ্বায়ক করে এই লক্ষ্যে ১০ সদস্যের একটি কমিটি গঠনের কাজ আগামী ১০ জুলাই-এর মধ্যে চূড়ান্ত করা হবে।

বিশ্ববিদ্যালয়ের একজন কর্মকর্তা জানান, পরীক্ষা নিয়ন্ত্রক আগামী আগস্ট মাসের মধ্যে এর একটি খসড়া রিপোর্ট প্রণয়ন করবেন। সূত্র জানান প্রণীত খসড়া রিপোর্ট পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যানদের কাছে পাঠানো হবে। নতুন পরীক্ষা পদ্ধতি সম্পর্কে তাঁদের কোন প্রস্তাব থাকলে সেটিও গৃহীত হবে। পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটে অনুমোদিত হলে চূড়ান্তভাবে তা ঘোষণা করা হবে।

বিশ্ববিদ্যালয়ের ঐ কর্মকর্তা জানান, ১৯৯৪-৯৫ শিক্ষা বছরের "খ" ইউনিটের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পাওয়া গেলে কর্তৃপক্ষ নিখুঁত ও নতুন নিয়মে পরীক্ষা গ্রহণ করার বিষয়টি গুরুত্বসহকারে আলোচনা করেন। একাডেমিক কমিটিতেও বিষয়টি উত্থাপিত হয়।

জানা গেছে, পরীক্ষা গ্রহণের পদ্ধতির সংস্কারের সঙ্গে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আরও কয়েকটি নতুন শর্ত আরোপেরও আলোচনা চলছে।

পুরো প্রক্রিয়াটির সঙ্গে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, সিন্ডিকেট, ও প্রশাসনিক বিভাগ জড়িত থাকায় বিষয়টি খুব শিগগির শেষ হবে না। তবে আগামী ১৯৯৫-৯৬ নতুন শিক্ষা বছরের ভর্তি পরীক্ষা এই নতুন নিয়মে গ্রহণের লক্ষ্যে সংস্কারের কাজ অব্যাহত থাকবে।